

স্মারক নম্বর: ৩৮.০১.০০০০.৭০০.১৪.০২১.২৩.৪১

তারিখ: ৩১ শ্রাবণ ১৪৩০

১৫ আগস্ট ২০২৩

বিষয়: চতুর্থ প্রাথমিক শিক্ষা উন্নয়ন কর্মসূচি (পিইডিপি৪) এর আওতায় সরকারি প্রাথমিক বিদ্যালয়ে বড় ধরনের মেরামতের জন্য তালিকা প্রেরণ।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, চতুর্থ প্রাথমিক শিক্ষা উন্নয়ন কর্মসূচি (পিইডিপি৪) এর আওতায় ২০২৩-২৪ অর্থবছরে সরকারি প্রাথমিক বিদ্যালয়ে বড় ধরনের মেরামত কার্যক্রম গ্রহণ করা হয়েছে। উক্ত কার্যক্রমের জন্য সরকারি প্রাথমিক বিদ্যালয়ের অগ্রাধিকারভিত্তিক তালিকা প্রয়োজন। এ পরিপ্রেক্ষিতে নিম্নোক্ত শর্ত অনুসরণপূর্বক তাঁর জেলার সরকারি প্রাথমিক বিদ্যালয়ে বড় ধরনের মেরামত কার্যক্রমের লক্ষ্যে উপজেলা শিক্ষা কমিটি কর্তৃক অনুমোদিত বিদ্যালয়ের তালিকা আগামী ১০ সেপ্টেম্বর ২০২৩ তারিখের মধ্যে প্রেরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো:

শর্তাবলী:

- ক. উপজেলাওয়ালী বড় ধরনের মেরামত কার্যক্রমের জন্য বিদ্যালয়ের নাম নির্বাচনের ক্ষেত্রে প্রতিটি উপজেলা হতে চাহিদাভিত্তিক অর্থাৎ বড় ধরনের মেরামতের প্রয়োজন রয়েছে এরূপ সরকারি প্রাথমিক বিদ্যালয়ের নাম নির্বাচন করতে হবে;
- খ. প্রয়োজনীয়তা/জরাজীর্ণতার ক্রমানুসারে বিদ্যালয়ের তালিকা প্রণয়ন করতে হবে। অর্থাৎ ১ নম্বর বিদ্যালয়ে সবচেয়ে বেশী প্রয়োজন এবং ক্রমাধিক তুলনামূলক কম প্রয়োজন মর্মে তালিকা প্রণয়ন করতে হবে;
- গ. উপজেলা শিক্ষা অফিসার সংযুক্ত ১৮ কলাম ছকে (চাহিদার ছক,) বড় ধরনের মেরামতের তথ্য সংশ্লিষ্ট জেলা প্রাথমিক শিক্ষা অফিসে আগামী ০৫ সেপ্টেম্বর ২০২৩ তারিখের মধ্যে প্রেরণ করবেন;
- ঘ. স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরের উপজেলা পর্যায়ে উপজেলা প্রকৌশলীর সহযোগিতায় বড় ধরনের মেরামতের ক্ষেত্রে ৪.০০-৭.০০ লক্ষ টাকার মধ্যে প্রাক্কলন প্রণয়ন করে স্বাক্ষরযুক্ত প্রাক্কলনের এক কপি নিজ কার্যালয়ে সংরক্ষণ করবেন। তবে প্রতিটি বিদ্যালয়ের জন্য একটি করে কারিগরি প্রতিবেদন (কারিগরি প্রতিবেদনের নমুনা,) (উপজেলা প্রকৌশলী ও ইউইও স্বাক্ষরিত- নমুনা সংযুক্ত) অধিদপ্তরে প্রেরণ করতে হবে;
- ঙ. বিদ্যালয়ের জন্য গাইডওয়াল নির্মাণ, আসবাবপত্র ক্রয়, টাইলস লাগানো এ ধরনের কার্যক্রম প্রাক্কলনে অন্তর্ভুক্ত করা যাবে না;
- চ. বড় ধরনের মেরামত কার্যক্রমের সংক্ষিপ্ত বিবরণ এবং প্রাক্কলিত মূল্য সংযুক্ত ছকে অবশ্যই উল্লেখ করতে হবে;
- ছ. ইউইও-কে এই মর্মে প্রত্যয়ন দিতে হবে যে, তিনি বিদ্যালয়টি পরিদর্শনপূর্বক চাহিদা দিয়েছেন এবং প্রাক্কলনে অন্তর্ভুক্ত প্রতিটি আইটেম যৌক্তিক;
- জ. প্রেরিত চাহিদার কোন অসামঞ্জস্য/ত্রুটি পরিলক্ষিত হলে ইউইও এবং সংশ্লিষ্ট বিদ্যালয়ের প্রধান শিক্ষক দায়ী থাকবেন।

০২। বর্ণিতাবস্থায়, উপরোল্লিখিত শর্তাবলী অনুসরণক্রমে উপজেলা/থানা থেকে বিদ্যালয়ের বড় ধরনের মেরামত কার্যক্রমের তালিকা সংগ্রহপূর্বক সংযুক্ত ছক মোতাবেক Excel worksheet-এ Unicode NikoshBAN

ফন্টে সংকলিত করে পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন) বরাবর হার্ড কপি এবং সফট কপি (dirplandpe@gmail.com, adplandpe@gmail.com ঠিকানায়) আগামী আগামী ১০ সেপ্টেম্বর ২০২৩ তারিখের মধ্যে প্রেরণ নিশ্চিতকরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।



১৫-৮-২০২৩

মোহাম্মদ মিজানুর রহমান

পরিচালক

ফোন: ০২- ৫৫০৭৪৯৩৮

জেলা প্রাথমিক শিক্ষা অফিসার (সকল)

স্মারক নম্বর: ৩৮.০১.০০০০.৭০০.১৪.০২১.২৩.৪১/১(৮৬)

তারিখ: ৩১ শ্রাবণ ১৪৩০
১৫ আগস্ট ২০২৩

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) অতিরিক্ত প্রধান প্রকৌশলী, মানব সম্পদ উন্নয়ন, মান নিয়ন্ত্রণ ও পরিবেশ ইউনিট, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর
- ২) উপপরিচালক, ঢাকা/খুলনা/সিলেট/বরিশাল/ময়মনসিংহ/রাজশাহী/রংপুর/চট্টগ্রাম
- ৩) শিক্ষা অফিসার, মহাপরিচালকের দপ্তর, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর
- ৪) উপজেলা/থানা শিক্ষা অফিসার (সকল)
- ৫) সহকারী শিক্ষা অফিসার (রুটিন দায়িত্ব), অতিরিক্ত মহাপরিচালক (পিইডিপি৪), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর



১৫-৮-২০২৩

মোহাম্মদ মিজানুর রহমান

পরিচালক